গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
সায়রাত অধিশাখা-১

১১ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ

স্মারক ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০৬.১৯. তারিখ ------------------------
২৪ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় **উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারা সংক্রান্ত আবেদন দাখিল/প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে সংযুক্ত কাগজপত্রাদির চেকলিস্ট।**

ভূমি সংক্রান্ত নাগরিক সেবা গতিশীল, স্বচ্ছ, দক্ষ এবং জনবান্ধবকরণের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছে। ভূমি মন্ত্রণালয়ের পক্ষে জেলা এবং উপজেলা প্রশাসন ভূমি ব্যবস্থাপনা এবং ভূমি সংক্রান্ত নাগরিক সেবা প্রদান করে থাকে। জনগণের পক্ষে কোন সেবা প্রাপ্তির লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় হতে জারিকৃত সংশ্লিস্ট আইন, বিধি-বিধান অনেক ক্ষেত্রেই জানা সম্ভব নয়। ফলে লক্ষ্য করা যাচ্ছে যে, জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত মন্ত্রনালয়ে প্রাপ্ত আবেদন/প্রস্তাবের সাথে আইন, বিধি-বিধান অনুযায়ী অত্যাবশকীয় কাগজপত্রাদি এবং তথ্য থাকে না। এ রকম অসম্পূর্ণ ও অপর্যাপ্ত তথ্যসহ আবেদন/প্রস্তাব বিবেচনা করার সুযোগ নেই। ফলে কোন কোন ক্ষেত্রে একাধিকবার তথ্য চাওয়ার প্রয়োজন হয়। এতে দ্রুত সেবা প্রদান বিলম্বিত হয়, যা কাম্য নহে।

২। বর্ণিত অবস্থায় সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ অনুযায়ী নিম্নবর্ণিত চেকলিস্ট অনুসরণপূর্বক উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারার আবেদন দাখিল/প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল;

(ক) উন্নয়ন প্রকল্পের বিস্তারিত বিবরণ (প্রকল্প ছকে) ;
(খ) প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির নিবন্ধন সনদ(রেজিষ্ট্রেশন) এর সত্যায়িত কপি ;
(গ) নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি ;
(ঘ) মৎস্যজীবিদের জাতীয় পরিচয়পত্র ;
(ঙ) আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবি মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র ;
(চ) সভাপতি,সম্পাদক ও উক্ত সমিতির নিকট সরকারি কোন বকেয়া রাজস্ব পাওনা আছে কিনা এবং তাদের বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা আছে কিনা জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়ন পত্র ;
(ছ) জেলা প্রশাসককে প্রদেয় জামানত বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (মুল কপি) ;
(জ) সমিতির গঠনতন্ত্র ;
(ঝ) সমিতির সভার কার্যবিবরণী ;
(ট) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক'স রুলস অনুসারে) ;
(ঠ) অডিট রিপোর্ট;
(ড) জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সুপারিশ এবং নির্ধারিত ছকে জলমহালের তথ্যাদিসহ জেলা প্রশাসকের প্রতিবেদন।

**৩। উন্নয়ন প্রকল্পে ইজারার জন্য আবেদনপত্র দাখিল,বাছাই আবেদনপত্রের ওপর প্রতিবেদন প্রেরণ এবং ইজারার চূড়ান্ত অনুমোদনের সময়সীমা সংক্রান্ত চেকলিস্ট;**

(ক) ৩০ আশ্বিনের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারার আবেদন আহবান ;
(খ) ৩০ কার্তিকের মধ্যে ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ ভূমি মন্ত্রণালয়ে আবেদন/দরপত্র দাখিল;
(গ) ২০ অগ্রহায়নের মধ্যে যুগ্মসচিবের নেতৃত্বে গঠিত বাছাই কমিটি কর্তৃক আবেদন যাচাই বাছাই সম্পন্ন করণ;
(ঘ) ১০ পৌষের মধ্যে জেলা প্রশাসকদের নিকট প্রতিবেদন চেয়ে অনুরোধ পত্র প্রেরণ ;
(ঙ) ১০ মাঘের মধ্যে জেলা প্রশাসকগণ কর্তৃক মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ;
(চ) ১০ ফাল্গুনের মধ্যে মন্ত্রণালয় কর্তৃক সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠান;
(ছ) ৩০ ফাল্গুনের মধ্যে জলমহালের ইজারাদেশ/সিদ্ধান্ত জেলা প্রশাসকদের নিকট প্রেরণ; এবং
(জ) ৩০ চৈত্রের মধ্যে সরকারি পাওনাদি বুঝে নিয়ে অনুমোদিত ইজারাদারদের সাথে চুক্তি সম্পাদন ও দখল হস্তান্তরকরণ।

চলমান পাতা-২

-২৮-



৩। সংশ্লিষ্ট জেলার উন্নয়ন প্রকল্পে ইজারাযোগ্য জলমহালের নাম, আয়তন ও সরকারি ইজারা মূল্য উল্লেখসহ জলমহালের তালিকা ইজারা বছর শুরুর পূর্বের বাংলা সনের ৩০ আশ্বিনের মধ্যে জেলার ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।

৪। উপর্যুক্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণসহ ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

জেলা প্রশাসক
--------------------(সকল)।

২৪/৪/১৯
(মোঃ তাজুল ইসলাম মিয়া)
উপসচিব
**ফোনঃ ৯৫৪৯১৭৫**
**Email mol_sairat_1@ yahoo.com**

স্মারক ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০৬.১৯.২৯০/১(১০০০)

১১ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ ------------------------
২৪ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব,প্রধানমন্ত্রীর কার্যালয়,পুরাতন বিমানবন্দর,তেজগাঁও,ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব ........................................মন্ত্রণালয়/বিভাগ।
৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড,১৪১-১৪৩ মতিঝিল বা/এ,ঢাকা।
৫। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড,সেগুনবাগিচা,ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার ..................................(সকল)।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
৮। সিস্টেম এনালিষ্ট,ভূমি মন্ত্রণালয়। পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৯। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)................................(সকল)।
১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা ....................................... (সকল)।
১১। সহকারী কমিশনার (ভূমি) ..................................(সকল)।
১২। অফিস কপি।

২৪/৪/১৯
(মোঃ তাজুল ইসলাম মিয়া)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
সায়রাত অধিশাখা-১

১৭ আগস্ট ২০১৭
স্মারক নং-৩১.০০.০০০০.০৫০.৬৮.০৪৭.১৬-৪৫১ তারিখ------------------
০২ ভাদ্র ১৪২৪

প্রজ্ঞাপন

উন্নয়ন প্রকল্পের আওতায় ২০ একরের উর্দ্ধে জলমহাল ৬(ছয়) বৎসর মেয়াদে ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calendar Year) মধ্যে নিস্পন্ন করা, সরকারের রাজস্ব আয় বৃদ্ধি এবং মামলা মোকদ্দমা হ্রাসসহ বিভিন্ন প্রতিকুলতা পরিহারের নিমিত্ত ইজারা কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম। |
|---|---|---|
| (১) | ৩০ আশ্বিনের মধ্যে | জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারার আবেদন আহ্বান। |
| (২) | ৩০ কার্তিকের মধ্যে | ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ ভূমি মন্ত্রণালয়ে আবেদন/দরপত্র দাখিল। |
| (৩) | ২০ অগ্রহায়ণের মধ্যে | যুগ্ম-সচিবের নেতৃত্বে গঠিত বাছাই কমিটি কর্তৃক আবেদন যাচাই বাছাই সম্পন্ন করণ। |
| (৪) | ১০ পৌষের মধ্যে | জেলা প্রশাসকদের নিকট প্রতিবেদন চেয়ে অনুরোধ পত্র প্রেরণ। |
| (৫) | ১০ মাঘের মধ্যে | জেলা প্রশাসকগণ কর্তৃক মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ। |
| (৬) | ১০ ফাল্গুনের মধ্যে | মন্ত্রণালয় কর্তৃক সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠান। |
| (৭) | ৩০ ফাল্গুনের এর মধ্যে | জলমহালের ইজারাদেশ/সিদ্ধান্ত জেলা প্রশাসকদের নিকট প্রেরণ। |
| (৮) | ৩০ চৈত্রের মধ্যে | সরকারি পাওনাদি বুঝে নিয়ে অনুমোদিত ইজারাদারদের সাথে চুক্তি সম্পাদন ও দখল হস্তান্তর করণ। |

২। এমতাবস্থায়, উপরে বর্ণিত সিডিউল অনুযায়ী উন্নয়ন প্রকল্পের আওতায় ২০ একরের উর্দ্ধে জলমহালের ইজারা কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১৭.৮.১৭
(ড.মুজিবুর রহমান হাওলাদার)
সচিব

জেলা প্রশাসক
.............. ...........(সকল)।

১৭ আগস্ট ২০১৭
স্মারক নং-৩১.০০.০০০০.০৫০.৬৮.০৪৭.১৬-৪৫১/১( ) তারিখ------------------
০২ ভাদ্র ১৪২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড/ ভূমি আপীল বোর্ড, ঢাকা।
২। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার ........................(সকল)।
৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব/উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। উপজেলা নির্বাহী অফিসার.......................................... (সকল)।
৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূর্বক প্রকাশিত গেজেটের ৭০০ (সাতশত) কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব,ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৭।৮।১৭
(মোঃ তাজুল ইসলাম মিয়া)
উপসচিব